

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৬২

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

আরবী

وَعَن أنسٍ قَالَ: كَانَتْ لِي ذُوَّابَةٌ فَقَالَتْ لِي أُمِّي: لَا أَجُزُّهَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمُدُّهَا وَيَأْخُذُهَا. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

88৬২-[88] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমার মাথার সম্মুখভাগে এক গুচ্ছ লম্বা চুল ছিল। আমার আম্মা আমাকে বললেনঃ আমি যেন তা না কাটি। কেননা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (অনেক সময় স্নেহপরবশ হয়ে) তাকে ধরে সোজা করতেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪১৯৬, শু'আবুল ঈমান ৬৪৮৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭১১, শারহুস্ সুন্নাহ্ ৩১৮৭।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ''মায়মূন ইবনু 'আবদুল্লাহ'' নামক বর্ণনাকারীকে চেনা যায় না (الحال তাকরীবুত্ তাহযীব)

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (হুঁ। হুঁ) অর্থাৎ চুলের গুচ্ছ। রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার এ গুচ্ছ নিয়ে তার সাথে রসিকতা করতেন। এগুলো নিয়ে খেলা করতেন। রস্লের হাত লাগা তার মায়ের কাছে অত্যন্ত ভালো লাগত বলেই তার মা তাকে তা কাটতে দিতেন না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি তাদের ভালোবাসা, নবীজির ছোয়া পাওয়াকে তাদের ভালো লাগার প্রমাণ এই হাদীসটি। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন